

খণ্ড মঞ্জুরীর শর্তাবলী

- (ক) অর্থ বিভাগের সম্মতির পর বাস্তবায়নকারি প্রতিষ্ঠান এবং প্রস্তাবিত খণ্ডগ্রহীতার মধ্যে সম্পাদিত খণ্ড চুক্তির একটি অনুলিপি (খণ্ড পরিশোধের তফসিলসহ) এ বিভাগে প্রেরণ করতে হবে। এরূপে প্রস্তুতকৃত তফসিল চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং অর্থ বিভাগের পূর্বসম্মতি ব্যতিত এই তফসিল পরিবর্তন করা যাবে না।
- (খ) চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে খণ্ডের কিস্তি পরিশোধ আরম্ভ হবে, তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির টাকা প্রদান আরম্ভ হবে।
- (গ) সুদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ এ বিভাগের পরিচালন বাজেটের আওতায় “১০৯০১০১১০১৪৩৫-১২০০০০৬০৩-৩৫১২১০৩-সরকারি কর্মচারীদের গৃহ নির্মাণ খণ্ডের সুদের উপর ভর্তুকি”-কোড হতে পরিশোধ করা হবে।
- (ঘ) নীতিমালার ৪(গ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত খণ্ডগ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে খণ্ড বিতরণ ও খণ্ডের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমূদয় কার্যক্রম পরিচালিত হবে।
- (ঙ) প্রস্তাবিত খণ্ডগ্রহীতাকে এই মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, “তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফসিলে বর্ণিত খণ্ডের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসেবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন”।
- (চ) খণ্ডগ্রহীতা খণ্ডের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্ত হবেন। অবসর গ্রহণের পর খণ্ডের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট খণ্ড পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।
- (ছ) খণ্ডগ্রহীতা তাঁর পিআরএল সমাপ্তির পূর্বে খণ্ডের আসল আংশিক/সম্পূর্ণ পরিশোধ করতে চাইলে অর্থ বিভাগের পূর্বানুমতি আবশ্যিকভাবে প্রাপ্ত করতে হবে।
- (জ) খণ্ডগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/ধ্যাতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অন্তিবিলম্বে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এবং অর্থ বিভাগকে অবহিত করবেন।
- (ঝ) খণ্ডগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/ধ্যাতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে খণ্ডের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।
- (ঝঃ) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে খণ্ডগ্রহীতা অন্তিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তনজনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।
- (ট) কোন খণ্ডগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু কিংবা ফৌজদারি/দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি তিনি অর্থ বিভাগ এবং সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে অবহিত করবেন।
- (ঠ) খণ্ড প্রদানের ক্ষেত্রে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান “সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ খণ্ড প্রদান নীতিমালা এবং অর্থ বিভাগের বিগত ২৪/০৬/২০১৯ খ্রিৎ তারিখে অনুষ্ঠিত সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ খণ্ড প্রদান সংক্রান্ত বিষয়ে গঠিত “ওয়ার্কিং কমিটি (Working Committee)”-এর সভার সিদ্ধান্তসমূহ যথাযথ অনুসরণ করবে।
- (ড) এই মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ০৬/০৩/২০১৯ খ্রিৎ তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৮৭ নম্বর পরিপত্রের বিধানাবলী পরিপালনযোগ্য হবে।